

## প্রেস বিজ্ঞপ্তি

### এপ্রিল মাসে র্যাভের হাতে নিহত ৫ ৥ বিএসএফ'র গুলিতে নিহত ৫ বাংলাদেশী

চলতি বছরের এপ্রিল মাসে র্যাভের হাতে নিহত হয়েছে ৫ জন। অধিকারের রিপোর্টে বলা হয়, র্যাভ-এর হাতে নিহত ৫ ব্যক্তির মধ্যে ১ জন পূর্ব বাংলার কমিউনিস্ট পার্টি (জনযুদ্ধ), ২ জন কথিত অস্ত্র চোরাচালানকারী এবং ১ জন ডাকাত, ১ জন কথিত অপরাধী রয়েছে।

অধিকারের প্রাপ্ত তথ্য অনুযায়ী এপ্রিল মাসে জেল হাজতে অসুস্থ হয়ে মৃত্যুবরণ করেছে ৭ জন। এছাড়া ১ ব্যক্তি পুলিশ ক্যাম্পে জিজ্ঞাসাবাদকালে 'অসুস্থ' হয়ে মৃত্যুবরণ করেছে বলে অভিযোগ রয়েছে।

বিভিন্ন পত্রিকার রিপোর্ট মোতাবেক এপ্রিল মাসে সারাদেশে মোট ৩৬৪৯৫ জন গ্রেফতার হয়েছে। উল্লেখ্য, বাংলাদেশে মোট ১১টি কেন্দ্রীয় কারাগার এবং ৫৫টি জেলা কারাগার রয়েছে। উক্ত কারাগারসমূহে অনুমোদিত ধারণ ক্ষমতা ২৭,২২৭ জন। তাছাড়া এ মাসে সারাদেশে রাজনীতি সংশ্লিষ্ট ঘটনায় ৩ জন নিহত এবং ২৮ জন আহত হয়েছে।

অধিকারের পরিসংখ্যান অনুযায়ী এপ্রিল মাসে সারাদেশে ৩ জন সাংবাদিক আহত ও ৮ জন সাংবাদিক হুমকির সম্মুখীন হয়েছে।

তথ্য ও উপাত্ত বিশ্লেষণ করে আরো জানা যায় যে এপ্রিল মাসে মোট ৩১ জন নারী যৌতুক, ধর্ষণ এবং এসিড নিক্ষেপ সংক্রান্ত কারণে মানবাধিকার লঙ্ঘনের শিকার হয়েছে।

এদের মধ্যে যৌতুকের শিকার হয়েছে ১৪ জন নারী যার মধ্যে ১৩ জনকে হত্যা করা হয়েছে এবং ১ জন শারীরিক নির্যাতনের শিকার হয়েছে।

এপ্রিল মাসে সারাদেশে ১৩ জন নারী ধর্ষণের শিকার হয়েছে। এর মধ্যে ৯ জন গণধর্ষণের শিকার এবং ৩ জনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে বলে 'অধিকার'-এর প্রতিবেদনে উল্লেখ করা হয়।

এছাড়া সারাদেশে মোট ৭৫ জন শিশু মানবাধিকার লঙ্ঘনের শিকার হয়েছে। এর মধ্যে ২৫ জন শিশু নিহত হয়েছে। এছাড়া ৩০ জন মেয়ে শিশু ধর্ষিত হয়েছে। এখানে উল্লেখ করা প্রয়োজন যে এই ৩০ জনের মধ্যে ৭ জন গণ ধর্ষণের শিকার হয়েছে। এছাড়াও এ সময়কালে ৬ জন শিশু আহত, ২ জন অপহৃত, ৪ জন আত্মহত্যা করেছে এবং ৭ জন শিশু নিখোঁজ হয়েছে।

এ সময় সারাদেশে ৬ জন এসিড নিক্ষেপের শিকার হয়েছে যাদের মধ্যে ১ জন শিশু, ৪ জন নারী ও ১ জন পুরুষ।

অধিকারের তথ্য উপাও থেকে জানা যায় যে চলতি বছরের এপ্রিল মাসে বাংলাদেশ-ভারত সীমান্তবর্তী এলাকায় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী-বিএসএফ ৫ জন বাংলাদেশীকে গুলি করে হত্যা করেছে। এই সময়ে বিএসএফকর্তৃক ৬ জন বাংলাদেশী নাগরিক আহত, ১ জন নারী ধর্ষিত ১৩ জন অপহৃত এবং ১২৭ জন বাংলাদেশী ভারতীয় নাগরিককে বাংলাদেশে 'পুশইন' করার অভিযোগ রয়েছে।

অপরদিকে পার্বত্য চট্টগ্রামে মানবাধিকার লঙ্ঘনজনিত ঘটনায় এপ্রিল মাসে ৩ জন নিহত, এবং ৩ জনকে গ্রেফতার করা হয়েছে।

'অধিকার' প্রণীত পরিসংখ্যান অনুসারে ১- ৩০ এপ্রিল সারাদেশে মোট নিহত হয়েছে ২১৯ জন।

এ সময়ে সংঘটিত খুলনার খালিশপুরে অপরিশোধিত মজুরির দাবীতে ধর্মঘটরত পাটকল শ্রমিকদের উপরে পুলিশী নির্যাতনের বিষয়ে অধিকার গভীর উদ্বেগ প্রকাশ করছে এবং সেই সাথে গ্রেফতারকৃত শ্রমিক ও তাদের বিরুদ্ধে আনীত মামলা প্রত্যাহারের দাবী জানাচ্ছে। একইসঙ্গে শ্রমিক আন্দোলনকে সমর্থন করায় ছাত্রদের উপর যে পুলিশী হামলার ঘটনা ঘটেছে সে বিষয়েও অধিকার গভীরভাবে উদ্বেগ।

উল্লেখ্য, 'অধিকার' ১১টি জাতীয় পত্রিকায় প্রকাশিত তথ্য পর্যালোচনা ও বিশ্লেষণ করে এবং নিজস্ব তথ্যানুসন্ধানের ভিত্তিতে এ রিপোর্টটি প্রস্তুত করেছে।

বার্তা প্রেরক

এএসএম নাসিরউদ্দিন এলান

ভারপ্রাপ্ত পরিচালক

অধিকার